সমকাল

তারিখ ... 27 AUG 2016 ...
পৃষ্ঠা 8 ... কলাম 2 ...

# নারায়ণগঞ্জে ১১ মাদ্রাসা শিক্ষার্থী এক মাস অনুপস্থিত

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জের বন্দর ইসলামিয়া-ফাজিল ডিগ্রি মাদ্রাসার ১১ শিক্ষার্থী এক মাস ধরে মাদ্রাসায় অনুপস্থিত রয়েছে। মাদ্রাসা কর্তৃপক্ষ সম্প্রতি তাদের তালিকা বন্দর থানা পুলিশের কাছে হস্তান্তর করেছে। অনুপস্থিত শিক্ষার্থীদের মধ্যে ষষ্ঠ শ্রেণির দু'জন, সপ্তম শ্রেণির তিনজন, অষ্টম শ্রেণির চারজন, নবম শ্রেণির একজন ও দশম শ্রেণির একজন। সম্প্রতি বন্দর ফাঁড়ির ইনচার্জ অখিল চন্দ্র বর্মণ অনুপস্থিত শিক্ষার্থীদের ব্যাপারে তদন্তে ওই মাদ্রাসায় যান। তিনি জানান, বাস্তবে অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা আরও বেশি হতে পারে। তাই মাদ্রাসা কর্তৃপক্ষকে তালিকা আরও যাচাই-বাছাই করে তা পুলিশকে অবহিত করার জন্য বলা হয়েছে।

মাদ্রাসা সূত্রে জানা গেছে, অনুপস্থিত শিক্ষার্থীরা হলো- ষষ্ঠ শ্রেণির রায়হান (রোল নং-৮, বাবা জাকির হোসেন) ও ওয়ালিদ (রোল নং-৪১, বাবা চাঁন মিয়া), সপ্তম শ্রেণির শেখ মাসুদ (রোল নং-২৯, বাবা শেখ মাসুদ), রায়হান (রোল নং-৩০, বাবা মিজানুর রহমান) ও নাহিদুল ইসলাম (রোল নং-৩৭, বাবা শহীদুল ইসলাম), অষ্টম শ্রেণির মঞ্জুরুল ইসলাম (রোল নং-৪৬, বাবা আউয়াল ইসলাম), শামীম (রোল নং-৫২, বাবা শাজাহান), মাইনুদ্দিন (রোল নং-২০, বাবা আব্দুল বারেক) ও আরমান (রোল নং-৪৯, বাবা শফি উদ্দিন), নবম শ্রেণির মাহফুজ (রোল নং-৪৯, বাবা আলী আহাম্মদ) এবং দশম শ্রেণির আরাফাত (রোল নং-৪৫, বাবা কামাল হোসেন)।

বন্দর ইসলামিয়া ফাজিল ডিগ্রি মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা নুরুল হক বলেন, অনুপস্থিত শিক্ষার্থীদের তালিকা তৈরি করে তা বন্দর থানায় জমা দেওয়া হয়েছে। তাদের পরিবারের সঙ্গে যোগাযোগ করা হয়েছে কি-না জানতে চাইলে তিনি বলেন, যাদের মোবাইল নম্বর মাদ্রাসায় ছিল তাদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হয়েছে। কিন্তু মোবাইল ফোন বন্ধ থাকায় তাদের ব্যাপারে জানা সম্ভব হয়নি। অনুপস্থিত শিক্ষার্থীদের বাড়িতে গিয়ে তাদের ব্যাপারে খোঁজ নেওয়া হয়েছে কি-না জানতে চাইলে তিনি বলেন, সেটা এখনও করা হয়নি।

বন্দর ফাঁড়ির ইনচার্জ এসআই অখিল চন্দ্র বর্মণ জানান, মাদ্রাসা কর্তৃপক্ষকে বলা হয়েছে, অনুপস্থিত শিক্ষার্থীদের বাড়িতে গিয়ে খোঁজ-খবর নিতে। এরপর তালিকা চূড়ান্ত করে যেন থানায় অবহিত করা হয়।